



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১
www.rdc.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন
সমবায় উন্নয়ন

০৩ আষাঢ়, ১৪২৮

তারিখ: -----।

১৭ জুন, ২০২১ খ্রি:

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৭.১৪.০৪৭.২০-৭৬


বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ৩৯ (১) এর দফা (খ) এর বিধান অনুযায়ী আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পটি বিলুপ্ত প্রসঙ্গে।

সূত্র: ৪৭.৬০.০০০০.০০১.১৮.০০১-৫৫৬২, তারিখ: ০৭ জুন, ২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মোট ৭৮৮৫২৭.০৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৯ হতে জুন, ২০২১ মেয়াদে সারাদেশে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ২০২১-২২ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্ত নেই। এ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির বিষয়েও আমার বাড়ি আমার খামার প্রকল্পের প্রকল্প পরিচালক থেকে কোন প্রস্তাব পাওয়া যায়নি। এ বিষয়ে একনেক এর কোনও নির্দেশনাও নেই। পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ৩৯ (১) এর দফা (খ) এর বিধান অনুসারে সরকার কর্তৃক নির্ধারিত তারিখে প্রকল্পটি বিলুপ্ত হইবে মর্মে উল্লেখ রয়েছে।

০২। এমতাবস্থায়, পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ৩৯ (১) এর দফা (খ) এর বিধান অনুসারে এবং আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই, ২০০৯ হতে জুন, ২০২১ অনুসারে অর্থাৎ প্রকল্প মেয়াদ উত্তীর্ণ হওয়ার সাথে সাথে আমার বাড়ি আমার খামার প্রকল্পটি বিলুপ্ত হবে।

০৩। সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ আরিফুল হক)
উপসচিব
ফোন: ৯৫৬৫০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

০৩। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন, ঢাকা।

০৪। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্টবন (লজে-১৩) রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।

০৫। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ঢাকা
প্রকল্প পরিচালক এর দপ্তর
ডিকেট নং ২৪৩
তারিখ ২২/৬/২১
ডিপিডি (প্রশাসন ও সমন্বয়)
ডিপিডি (উন্নয়ন)
ডিপিডি (অর্থ ও হিসাব)
ডিপিডি (প্রশিক্ষণ)
প্রোগ্রামার
সচিব পরিচালক এর দপ্তর

AD (A)
২২/৬/২১